**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-08-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

(১) রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, ভবিষ্যৎ প্রজন্মের উপর বিকশিত ভারতের লক্ষ্য পূরণ নির্ভর করছে ।

(২) দেশে যথেষ্ট পরিমাণে চিনি মজুত রয়েছে বলে জানিয়েছে সরকার।

(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শিক্ষক দিবসে ৪৮ জন স্কুল শিক্ষককে জাতীয় শিক্ষক পুরস্কার প্রদান করবেন ।

(৪) সুব্রত মুখার্জি কাপে ত্রিপুরা স্পোর্টস স্কুল হারাল দিল্লিকে ।

*******************************************************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ নন্দননগরস্থিত ডনবসকো স্কুল ও রামনগরস্থিত বাণীবিদ্যাপীঠ গার্লস হায়ার সেকেন্ডারি স্কুল পরিদর্শন করেন। দুটি স্কুলেই তিনি স্কুলের স্কাউট ও গাইড স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন।

ডনবসকো স্কুলে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, ত্রিপুরার স্কাউট ও গাইডরা রাজ্যের অগ্রগতিতে বিভিন্নভাবে তাদের অবদান রেখে চলেছে। নেশামুক্ত ত্রিপুরা অভিযানে স্কাউট ও গাইডদের সক্রিয় অংশ গ্রহণের কথা উল্লেখ করে তিনি সন্তোষ প্রকাশ করেন| ডনবসকো স্কুলে স্কাউট ও গাইড স্বেচ্ছাসেবকরা রাজ্যপালকে গার্ড অব অনার প্রদান করে।

রাজ্যপাল বাণীবিদ্যাপীঠ গার্লস হায়ার সেকেন্ডারি স্কুলে স্কাউট ও গাইড, স্বেচ্ছাসেবক ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষ রোপণ করেন। ছাত্রীদের সঙ্গে মতবিনিময়ের সময় রাজ্যপাল শৃঙ্খলা, নেতৃত্ব, দলগত কাজ, সেবা ও দায়িত্ববোধের মতো মূল্যবোধগুলি উর্ধ্বে তুলে ধরতে তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বিকশিত ভারতের লক্ষ্য পূরণ ভবিষ্যৎ প্রজন্মের উপরই নির্ভরশীল। এই কাজে ছাত্রছাত্রীদেরও এগিয়ে আসতে হবে।

****************************

**Visit Udaipur:**

নীতি আয়োগের সদস্য ড. জোরাম আনিয়া আজ গোমতী জেলার আঠারোভোলা গড়িয়া একাডেমি মডেল স্কুল পরিদর্শন করেন। তাঁকে স্বাগত জানান, বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া। পরিদর্শনকালে বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা, পরিকাঠামো, বিভিন্ন সমস্যা ও তার সমাধান নিয়ে তিনি শিক্ষকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি, জমাতিয়া হদা সম্প্রদায়ের কৃষ্টি, সংস্কৃতি ও ঐতিহ্য নিয়ে মতবিনিময় করেন।

****************************

**Lok Adalat:**

'সমাধান সমারোহ' উদ্যোগের অংশ হিসেবে আয়োজিত তিনদিনের বিশেষ লোক আদালতের প্রথম দিনে সুপ্রিম কোর্ট ৪০০টিরও বেশি মামলার নিষ্পত্তি করেছে।

মামলাগুলোর মধ্যে রয়েছে শীর্ষ আদালতে বিচারাধীন বৈবাহিক ও সম্পত্তি সংক্রান্ত বিরোধ, মোটর-দুর্ঘটনাজনিত দাবি, ভূমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ সংক্রান্ত বিষয়, কর বিরোধ এবং পরিষেবা ও শ্রম সংক্রান্ত মামলা।

সুপ্রিম কোর্ট বলেছে, এই উদ্যোগটি বিচার ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে মধ্যস্থতা এবং বিরোধ নিষ্পত্তির ঐকমতভিত্তিক পদ্ধতিকে উৎসাহিত করার প্রচেষ্টার প্রতিফলন। এই বিশেষ লোক আদালত আগামীকাল পর্যন্ত চলবে।

****************************

**Sugar Stocks:**

কম উৎপাদন সত্ত্বেও দেশে অভ্যন্তরীণ চাহিদা মেটানোর মতো পর্যাপ্ত চিনির মজুত রয়েছে বলে জানিয়েছে সরকার। ভোক্তা বিষয়ক মন্ত্রক জানিয়েছে, ইথানল উৎপাদনে মাত্রাতিরিক্ত চিনি ব্যবহার, সাম্প্রতিক মূল্যবৃদ্ধির কারণ নয়। বরং কম উৎপাদন, উৎসবের আগে চাহিদা বৃদ্ধি, আবহাওয়াজনিত ক্ষতি এবং মজুতদারির মতো কারণেই দাম বেড়েছে।

চলতি মরসুমে চিনি উৎপাদন প্রায় ৩০৬ লাখ টন হতে পারে বলে অনুমান করা হয়েছে। দাম নিয়ন্ত্রণে ১ আগস্ট থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ব্যবসায়ীদের জন্য মজুতসীমা ৪০০ টন নির্ধারণ করা হয়েছে। আগামী ১৫ অক্টোবর থেকে আখ মাড়াই শুরু হলে উৎসবের মরসুমে চিনির সরবরাহ আরও বাড়বে বলে আশা করছে সরকার।

****************************

**Seva Sankalpa Abhiyan:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে বিজেপি দেশজুড়ে এক মাসব্যাপী ‘সেবা সংকল্প অভিযান’ চালাবে। আজ নয়াদিল্লিতে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিনোদ তাওদে জানান, ৭ অক্টোবর প্রধানমন্ত্রী মোদীর গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার ২৫ বছর পূর্তিও এই অভিযানের মাধ্যমে উদযাপন করা হবে।

অভিযানের আওতায় ১৪ লক্ষেরও বেশি অঙ্গনওয়াড়ি কর্মীদের সম্মান জানানো, পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কর্মসূচি এবং যুবসমাজকে সেবামূলক কাজে যুক্ত করার উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি, ব্লক স্তরে ১৫ দিনের 'সেবা সেতু অভিযান' চালিয়ে সরকারি প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত জনগণকে প্রয়োজনীয় নথিপত্রের মাধ্যমে সরকারি সুবিধা পেতে সহায়তা করা হবে।

****************************

**BJP:**

বিদ্যুৎ মাশুলে ভর্তুকি দেওয়ায় রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়ে আজ বিজেপি সোনামুড়া মন্ডল কমিটির উদ্যোগে সোনামুড়া শহরে এক রেলি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সোনামুড়া মন্ডল সভাপতি শুভ্রজিৎ দাস, সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি প্রসেনজিৎ ঘোষ প্রমুখ।

****************************

**CPIM:**

সিপিআইএমের উদ্যোগে আজ সাব্রুমের সোনাই বাজারে গণঅবস্থান সংগঠিত হয়। বক্তব্য রাখেন, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সিটুর সাব্রুম মহকুমা সম্পাদক দীপক দে, টি.ওয়াই.এফ মহকুমা সম্পাদক উচাথই মগ। বক্তাগণ দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে কার্যকরী ভূমিকা গ্রহণের জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানান|

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন৷ এটি হবে ‘মন-কি-বাত’–এর ১৩৭তম পর্ব৷ প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্বান জানিয়েছেন৷ my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন৷ এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে৷ এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে৷ ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামী ২৮শে আগষ্ট রাত ১১টা ৪৫ পর্যন্ত|

****************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবসে নতুনদিল্লির বিজ্ঞান ভবনে ৪৮ জন স্কুল শিক্ষককে জাতীয় শিক্ষক পুরস্কার প্রদান করবেন। শিক্ষা

মন্ত্রক জানিয়েছে, স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগের তত্ত্বাবধানে জেলা, রাজ্য এবং জাতীয় স্তরে তিন-পর্যায়ের নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে স্কুল শিক্ষকদের নির্বাচন করা হয়েছে। পিএমশ্রী সাব্রুম উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর সহকারী প্রধান শিক্ষক রঞ্জন দেবনাথ ত্রিপুরা থেকে জাতীয় শিক্ষক পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন।

****************************

**Package Story:**

পাহাড়ি এলাকার ফুলে ফুলে ঘুরে বেড়ানো মৌমাছি, আর সেই মৌমাছির মধু সংগ্রহ করে সংসার চালান কাঞ্চনপুরের বহু কৃষক। তাঁদের দীর্ঘদিনের পরিশ্রম এবার পৌঁছে গেল দেশের সীমানা পেরিয়ে বিদেশের মাটিতে।

একটি প্রতিবেদন…

######### V/O #########

****************************

**BRICS legal Forum:**

দেশের প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন, সময়মতো বিচার প্রদান আন্তর্জাতিক আস্থা বাড়ায় এবং বিনিয়োগ ও অর্থনৈতিক বৃদ্ধিতে সহায়তা করে। আজ নতুন দিল্লিতে একাদশ ব্রিকস আইন মঞ্চে তিনি বলেন, আধুনিক বিচারব্যবস্থা, অর্থনৈতিক বৃদ্ধির অন্যতম ভিত্তি। ব্রিকস দেশগুলির বিচারব্যবস্থার মধ্যে সহযোগিতা বাড়াতে তিনি গুরুত্ব আরোপ করেন|

****************************

**NFR:**

লামডিং-বদরপুর রুটে ট্রেন চলাচল এখনও নিয়ন্ত্রিত রয়েছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আগামীকাল রাত ১৫৬৫০ ট্রেনটি নারেঙ্গি

থেকে আগরতলার উদ্দেশ্যে রওনা হবে সন্ধ্যা সাড়ে ৬টায়। ০১৬৬৬ আগরতলা-রাণী কমলাপতি এক্সপ্রেস আগামীকাল সন্ধ্যে ৭ টা বেজে ২০ মিনিটে আগরতলা থেকে রওনা হবে|

****************************

**Justice- Biswajit Palit:**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ পালিত আজ খোয়াই জেলা ও দায়রা আদালত এবং আদালতের বিচারপতিদের জন্য নবনির্মিত কোয়ার্টার কমপ্লেক্সগুলো পরিদর্শন করলেন। সঙ্গে ছিলেন, খোয়াই জেলা ও দায়রা আদালতের বিচারপতি মানবেন্দ্র দেববর্মা, অতিরিক্ত জেলা ও দায়রা আদালতের বিচারপতি শর্মিষ্ঠা মুখার্জী, পারিবারিক আদালতের বিচারপতি রামদাস চট্টোপাধ্যায়।

****************************

**SM Cup Football :**

মেয়েদের অনূর্ধ্ব-১৭ সুব্রত মুখার্জি কাপ ফুটবলে জয়ে ফিরল ত্রিপুরা স্পোর্টস স্কুল। আজ দিল্লির তেজস স্টেডিয়ামে আয়োজিত ম্যাচে ত্রিপুরা স্পোর্টস স্কুল তিন-এক গোলে দিল্লিকে পরাজিত করেছে। স্পোর্টস স্কুলের হয়ে জেসিকা ঝরা, মিনা ত্রিপুরা এবং ভেনিসা হালাম তিনটি গোল করেন।

****************************

**Cricket :**

রাজ্য ভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপের ম্যাচে আজ জয় পেয়েছে ধর্মনগর এবং গন্ডাছড়া। বাইখোরা ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে আয়োজিত ম্যাচে গন্ডাছড়া ১৭১ রানে আমবাসাকে হারায়। গন্ডাছড়ার হয়ে প্রলয় দাস ৭০ রান করেন এবং ৬ টি উইকেট পেয়ে ম্যান অব দ্যা ম্যাচ হয়েছেন। উদয়পুরের

জামজুরি মাঠে আয়োজিত অপর ম্যাচে ধর্মনগর ১২0 রানে কাঞ্চনপুরকে হারিয়েছে|

****************************

**Weather :**

উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৪ ঘন্টায় একটি নিম্নচাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে ভারতীয় আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে বলা হয়েছে৷ এর ফলে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আগামী ২৮ তারিখ পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে|

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে বলা হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************